# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 29-04-2025 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য সরকার গ্রামীন এলাকার স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে ২০ টি জেলার ৭৪৪ টি উপস্বাস্থ্য কেন্দ্রকে আয়ুষ্মান আরোগ্য কেন্দ্রে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে।

২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতসন্ধ্যায় রাষ্ট্রপতি ভবনে এক অনুষ্ঠানে ৭১ জন বিশিষ্ট ব্যক্তিত্বকে পদ্ম পুরস্কারে ভূষিত করেছেন।

৩) রাজ্যে এবছরের উচ্চ মাধ্যমিকের ফল ঘোষণা হবে আগামী ৭ ই মে।

৪) রাজ্যের বিভিন্ন জেলায় আজও ঝড়বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। এদিকে বৃষ্টিতে তাপমাত্রা অনেকটাই নেমে গেছে। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের ৭ ডিগ্রি নীচে।

৫) আইপিএল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স দিল্লী ক্যাপিটালসের মুখোমুখি হবে।

---

রাজ্য সরকার গ্রামীন এলাকার স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নে কুড়িটি জেলার ৭৪৪-টি উপস্বাস্থ্য কেন্দ্রকে আয়ুষ্মান আরোগ্য কেন্দ্রে উন্নীত করার সিদ্ধান্ত নিয়েছে। এরমধ্যে আছে উত্তরবঙ্গে আছে ৬ জেলার ১৯২টি উপস্বাস্থ্য কেন্দ্র। প্রতিটি উপ-স্বাস্থ্য কেন্দ্রের জন্য ৭ লক্ষ টাকা করে বরাদ্দ হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর সূত্রে জানা গেছে,

এই আয়ুষ্মান আরোগ্য কেন্দ্র থেকে অন্যান্য পরিষেবার পাশাপাশি টেলি মেডিসিন পরিষেবাও পাওয়া যাবে।

-----------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতসন্ধ্যায় রাষ্ট্রপতি ভবনে এক অনুষ্ঠানে ৭১ জন বিশিষ্ট ব্যক্তিত্বকে ২০২৫-এর পদ্ম পুরস্কারে ভূষিত করেন। এদের মধ্যে চারজনকে পদ্মবিভূষণ, ১০ জনকে পদ্মভূষণ ও ৫৭ জনকে পদ্মশ্রী প্রদান করা হয়েছে।

পদ্মবিভূষণ প্রাপকদের তালিকায় আছেন চিকিৎসা ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতিতে ডি নাগেশ্বর রেড্ডি, সুরকার ডক্টর লক্ষ্মীনারায়ণ সুব্রামানিয়াম।

পদ্মভূষণ প্রাপকদের মধ্যে আছেন প্রাক্তন হকি অধিনায়ক সৃজেশ পি আর, ভারত নাট্যম শিল্পী শোবোনা চন্দ্রকুমার, প্রসারভারতীর প্রাক্তন চেয়ারম্যান সূর্য প্রকাশ।

পদ্মশ্রী প্রাপকদের মধ্যে আছেন ক্রিকেটার রবিচন্দ্রণ অশ্বিন, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার প্রাক্তন চেয়ারম্যান অরুন্ধতী ভট্টাচার্য, শিল্পী রণু মজুমদার প্রমুখ। পুরস্কার গ্রহণ করে অরুন্ধতী বলেন, জনধন প্রকল্পের প্রসারের ক্ষেত্রে তার অবদানের স্বীকৃতিতেই এই পুরস্কার লাভ।

(বাইট- অরুন্ধতী)

উল্লেখ্য পশ্চিমবঙ্গ থেকে পদ্মশ্রী প্রাপকদের তালিকায় অরুন্ধতি ভট্টাচার্য্য ছাড়াও নৃত্যশিল্পী অভিনেত্রী মমতাশঙ্কর, সরোদ বাদক পন্ডিত তেজেন্দ্র নারায়ণ মজুমদার, বিশিষ্ট সঙ্গীত শিল্পী অরিজিৎ সিং, উত্তর ২৪ পরগণার মছলন্দপুরের বাসিন্দা ঢাক বাদক গোকুল চন্দ্র দাস, ভারত সেবাশ্রম সংঘের সন্ন্যাসী স্বামী প্রদীপ্তানন্দ ওরফে কার্তিক মহারাজ, শিল্পপতি পবন গোয়েঙ্কা এবং সজ্জন ভজনকা, রাজবংশী ভাষায় রামায়ণের

অনুবাদ করার জন্য সাহিত্যিক, শিক্ষাকর্মী নগেন্দ্রনাথ রায়, শিক্ষানুরাগী তথা সমাজকর্মী পরিবার স্কুলের প্রতিষ্ঠাতা বিনায়ক লোহানি।

এদিকে, মরণোত্তর পদ্মভূষণ দেওয়া হয়েছে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনের প্রাক্তনী, অর্থনীতিবিদ বিবেক দেবরায়কে।

-----------------------

পূর্ব মেদিনীপুরের দীঘায় আগামীকাল অক্ষয় তৃতীয়ার দিন জগন্নাথ মন্দিরের উদ্বোধন উপলক্ষে শেষ মুহূর্তের প্রস্তুতি চলেছে। মন্দির উদ্বোধনের আগে আজ মহাযজ্ঞের আয়োজন করা হয়েছে। দিনভর চলবে এই যজ্ঞ।

মন্দিরের ট্রাস্টি বোর্ডের অন্যতম সদস্য রাধারমন দাস জানিয়েছেন, মূল যজ্ঞের পর সন্ধ্যায় ফুলের বিছানায় শোয়ানো হবে জগন্নাথ দেবকে। পরের দিন পাথরের বিগ্রহ জগন্নাথ দেব ও সেই সঙ্গে রাধাকৃষ্ণেরও প্রাণ প্রতিষ্ঠা করা হবে।

মন্দির উদ্বোধন উপলক্ষে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এখন দীঘায়। সাংবাদিকদের কাছে তিনি আশা প্রকাশ করেন, এই কেন্দ্র নতুন ও পুরনো প্রজন্মের কাছে কৃষ্টি ও সম্প্রীতির মেল বন্ধন হয়ে উঠবে। আগামী দিনে দীঘার পর্যটন শিল্প আরো উন্নত হবে ।

এদিকে এই উপলক্ষে দীঘায় বহু মানুষের সমাগম হয়েছে। অনুষ্ঠান ঘিরে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। গতকালে থেকেই নিয়ন্ত্রণ করা হচ্ছে যান চলাচল। প্রায় ৩ কিলোমিটার দূরে গাড়ি রেখে হেঁটে শহরে প্রবেশ করতে হচ্ছে বলে আমাদের প্রতিনিধি জানিয়েছেন।

-----------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে দুর্নীতি ও শিক্ষা ব্যবস্থার সামাধান না করেই মন্দির তৈরির উদ্যোগ নিয়েছে বলে বিজেপি নেতা দিলীপ ঘোষ অভিযোগ করেছেন। তিনি গতকাল মেদিনীপুর থেকে মুর্শিদাবাদ যাওয়ার পথে বর্ধমানের পাঞ্জিপাড়ায় এক চা চক্রে সাংবাদিকদের বলেন, ভোট বৈতরণী পাড় করতেই মুখ্যমন্ত্রী ভগবানকে নিয়ে রাজনীতি করছেন। কিন্তু সাধারণ মানুষ তা মেনে নেবে না।

-----------------------

বিজেপি আগামীকাল অক্ষয়তৃতীয়ার দিন থেকেই মুর্শিদাবাদের ভাঙ্গা মন্দিরগুলি সংস্কার করে পুনরায় পুজো শুরু করার উদ্যোগ নিচ্ছে। দলের রাজ্য সভাপতি কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার গতকাল সাংবাদিকদের জানিয়েছেন, সাম্প্রতিক হিংসায় ক্ষতিগ্রস্ত ওই মন্দিরগুলিতে মূর্তি প্রতিষ্ঠা করা হবে।

(বাইট সুকান্ত)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, প্রয়োজনীয় ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে এই প্রক্রিয়া সম্পন্ন হবে। এজন্য রাজ্য সরকারের কাছ থেকে কোনো আর্থিক সাহায্য নেওয়া হচ্ছে না।

অন্যদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীরঞ্জন চৌধুরী দাবি করেছেন, মন্দির নির্মাণের প্রতিযোগিতা চলেছে, লোকসভা ভোটের আগে যেমন, রাম মন্দির তৈরি করা হয়েছিল, তেমনই বিধানসভা ভোটকে সামনে রেখেই জগন্নাথ মন্দির নির্মাণ করা হয়েছে।

-----------------------

অপর্যাপ্ত রেক এবং পদ্ধতিগত সমস্যার কারনে আগামী রবিবার, চৌঠা মে পর্যন্ত হাওড়া ও পাশকুড়া থেকে দীঘাগামী বিশেষ ট্রেন চালানো যাবে না। দক্ষিণ পূর্ব রেলের এক বিজ্ঞপ্তিতে গতকাল একথা জানানো হয়েছে।

উল্লেখ্য দীঘায় বুধবার জগন্নাথ মন্দিরের উদ্বোধন উপলক্ষ্যে অতিরিক্ত ভিড় সামাল দিতে রাজ্য সরকারের আবেদন অনুযায়ী দক্ষিন পূর্ব রেল এর আগে একজোড়া বিশেষ ট্রেন চালানোর কথা ঘোষণা করেছিল।

------------------------

রাজ্যে এ বছরের উচ্চ মাধ্যমিকের ফল ঘোষণা হবে আগামী ৭ই মে। ঐ দিন বেলা সাড়ে ১২. টায় বিদ্যাসাগর ভবনে এক সাংবাদিক বৈঠকে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য্য ফলাফল ঘোষণা করবেন।

দুপুর ২ টা থেকে পরীক্ষার্থীরা নির্দিষ্ট ওয়েবসাইট এবং মোবাইল এ্যাপে রেজাল্ট দেখতে ও ডাউনলোড করতে পারবেন। যে সব ওয়েব সাইটে ফলাফল জানা যাবে যেসব সেগুলি হল - result.wb.gov.in এবং https://results.digilocker.gov.in।

পরের দিন অর্থাৎ ৮ই মে, সকাল ১০ টায় রাজ্যের মোট ৫৫টি Distribution Centre থেকে ছাত্র ছাত্রীদের মার্কশিট ও সার্টিফিকেট বিতরণ করা হবে। ঐদিনই স্কুলগুলি থেকে পরীক্ষার্থীরাও মার্কশিট ও সার্টিফিকেট পাবেন।

------------------------

কলকাতা হাইকোর্টে প্রাথমিকের ৩২ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলার শুনানি, পিছিয়ে গেছে। দুই বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতব্রত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ আজ জানায়, এসংক্রান্ত ৫০-টির বেশি মামলা দায়ের হয়েছে। সকলের বক্তব্য আলাদা করে শোনা সম্ভব নয়। কয়েকজন বরিষ্ঠ আইনজীবী যারা নেতৃত্ব দেবেন, তাঁদের বক্তব্য শোনা হবে। বক্তব্যের সারাংশ লিখিত আকারে আদালতে জমা দিতে, আইনজীবীদের নির্দেশ দিয়েছে ডিভিশন বেঞ্চ।

আগামী ৭ মে বেলা ২ টোর সময় মামলার পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে।

------------------------

রাজ্যের বিভিন্ন জেলায় আজও বিক্ষিপ্ত ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। সেই সঙ্গে পশ্চিমবঙ্গ ওড়িশা উপকূল বরাবর ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সমুদ্র উত্তাল থাকবে। মৎস্যজীবীদের আজও সমুদ্রে পারি না দেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

গতকাল বিকেল থেকেই কলকাতা সহ বিভিন্ন জেলায় মাঝারি বৃষ্টির সঙ্গে সঙ্গে ঝোড়ো হাওয়া বয়ে যায়। ফলে তীব্র দাবদাহের হাত থেকে স্বস্তি মেলে।

এদিকে ঝড় বৃষ্টিতে তাপমাত্রা একলাফে অনেকটাই কমে গেছে। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৯ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৭ ডিগ্রি নীচে। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা প্রায় ২ ডিগ্রি কম। আজ সকাল সাড়ে ৬ টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ২৩ মিলিমিটার।

আলিপুর আবাহওয়া দপ্তরের অধিকর্তা ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছে, আগামী কয়েকদিন রাজ্যের প্রায় সর্বত্রই দমকা হাওয়া সহ ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

বাইট

------------------------

উত্তর দিনাজপুর জেলার চোপড়া থানার ধনীরহাট এলাকায় গতকাল ঝড় বৃষ্টির সময় বজ্রাঘাতে মৃত্যু হয়েছে এক বিএসএফ জওয়ানের। মৃত গোলাম মহম্মদের বাড়ি

উত্তরপ্রদেশের প্রয়াগরাজে। তিনি বিএসএফের ১৭ নম্বর ব্যাটালিয়নের ধনীরহাট আউট পোস্টে হেড কনস্টেবল পদে কর্মরত ছিলেন।

-----------------------

বর্ষার আগেই দুর্গাপুর ব্যারেজের সংস্কারের কাজ শেষ করতে হবে বলে রাজ্যের সেচ ও জল সম্পদ উন্নয়ন দপ্তরের মন্ত্রী মানস ভূঁইয়া জানিছেন। সেচ দপ্তরের ইঞ্জিনিয়ার ও আধিকারিকদের নিয়ে গতকাল তিনি ব্যারেজ পরিদর্শনের পর ১৫ই জুনের মধ্যেই সংস্কারের কাজ শেষ করার কথা বলেন। বর্ষার পর দ্বিতীয় দফার কাজ শুরু হবে বলেও মানস বাবু জানান।

-----------------------

আইপিএল ক্রিকেটে কলকাতা নাইট রাইডার্স আজ দিল্লি ক্যাপিটালস্-এর বিরুদ্ধে খেলবে। দিল্লির অরুণ জেটলি স্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

নাইট রাইডার্স ৯ ম্যাচে ৭ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকার সপ্তম স্থানে আছে। অন্যদিকে, দিল্লি সমসংখ্যক ম্যাচে ১২ পয়েন্ট পেয়ে রয়েছে চতুর্থ স্থানে।

প্লে অফের লড়াইয়ে পৌঁছাতে হলে নাইট রাইডার্সকে বাকি পাঁচ ম্যাচে জিততেই হবে। আজকের ম্যাচ কেকেআরের কাছে ঘুরে দাঁড়ানোর লড়াই।

-----------------------

মোহনবাগান ক্লাবের সভাপতির পদ থেকে ইস্তফা দিয়েছেন স্বপন সাধন বসু। বিদায়ী সচিব ও কার্যকরী সমিতির সদস্যদের চিঠি লিখে টুটুবাবু তাঁর এই সিদ্ধান্ত জানিয়ে দিয়েছেন। মোহনবাগান ক্লাবের বিদায়ী সচিব দেবাশিস দত্ত

জানিয়েছেন, সভাপতির ইস্তফাপত্রের বিষয়ে কমিটির সদস্যদের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হবে।

------------------------

বীরভূমের নলহাটি থানার বারা গ্রামে খেলা করার সময় দিঘির জলে ডুবে তিনটি শিশুর মৃত্যু হয়েছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, গতকাল এলাকার বাসিন্দারা গ্রামের উত্তরপাড়ার দিঘির জলে শিশুদের দেহ ভাসতে দেখেন। এই ঘটনায় গ্রামে শোকের ছায়া।

------------------------

দক্ষিণ কলকাতার হরিদেবপুর থানা এলাকায় একটি খাবারের দোকানে গতরাতে আগুন লাগে। দমকলের দুটি গাড়ি ঘন্টা দুয়েকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। হতাহতের কোনো খবর নেই। ক্ষয়ক্ষতির বিস্তারিত পরিমাণও জানা যায়নি।

উত্তর ২৪ পরগণার বাগদা বাজারে গতরাতে তিনটি দোকানে আগুন লাগে। দমকলের দুটি গাড়ি ঘন্টা তিনেকের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। দমকল সূত্রে জানা গেছে, এর মধ্যে জামা কাপড় দোকান ও কেটি সেলুন সম্পূর্ণ ভস্মীভূত হয়েছে। অন্যদিকে মোবাইলের একটি দোকান আংশিক পুড়ে গেছে। হতাহতের অবশ্য খবর নেই।

------------------------ ------------------------